

## 💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৩০১

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৯) মসজিদে গমণ করা। বিশেষ করে অন্ধকারে এবং তার ফযীলতের বর্ণনা

الترغيب في المشي إلى المساجد سيما في الظلم وما جاء في فضلها

## আরবী

(صحيح لغيره) وَ عَنْ سَعِيد بْنِ الْمُسَيِّبِ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ حَضَرَ رَجُلًا مِنْ الْأَنْصَارِ الْمَوْتُ فَقَالَ إِنِّي مُحَدِّثُكُمْ حَدِيثًا مَا أُحَدِّثُكُمُوهُ إِلَّا احْتِسَابًا سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ إِذَا تَوَضَّأً أَحَدُكُمْ فَأَحْسَنَ الْوُضُوءَ ثُمَّ خَرَجَ إِلَى الصَّلَاةِ لَمْ يَرْفَعْ قَدَمَهُ الْيُمْنَى إِلَّا كَتَبَ اللَّهُ عَزَّ وَجَلَّ لَهُ حَسَنَةً وَلَمْ يَضَعْ قَدَمَهُ الْيُسْرَى إِلَّا حَطَّ اللَّهُ عَزَّ وَجَلَّ لَهُ حَسَنَةً وَلَمْ يَضَعْ قَدَمَهُ الْيُسْرَى إِلَّا حَطَّ اللَّهُ عَزَّ وَجَلَّ لَهُ حَسَنَةً وَلَمْ يَضَعْ قَدَمَهُ الْيُسْرَى إِلَّا حَطَّ اللَّهُ عَزَّ وَجَلَّ لَهُ حَسَنَةً وَلَمْ يَضَعْ قَدَمَهُ الْيُسْرَى إِلَّا حَطَّ اللَّهُ عَزَّ وَجَلَّ لَهُ وَسَلَّى عَنْ عَدَمَهُ الْيُسْرَى إِلَّا حَطَّ اللَّهُ عَزَّ وَجَلَّ لَهُ وَسَلَّى فِي جَمَاعَةٍ غُفِرَ لَهُ وَجَلَّ عَنْهُ سَيِّئَةً فَلْيُقَرِّبْ أَحَدُكُمْ أَوْ لِيُبَعِّدْ فَإِنْ أَتَى الْمَسْجِدَ فَصَلَّى فِي جَمَاعَةٍ غُفِرَ لَهُ فَإِنْ أَتَى الْمَسْجِدَ وَقَدْ صَلَّى الْمَعْفِلُ وَبَقِي بَعْضٌ صَلَلَى مَا أَدْرَكَ وَأَتَمَّ مَا بَقِيَ كَانَ كَذَلِكَ فَإِنْ أَتَى الْمَسْجِدَ وَقَدْ صَلَقُوا فَأَتَمَّ الصَّلَاةَ كَانَ كَذَلِكَ وَلَاكَ وَاللَّهُ عَلَى الْمَسْجِد وَقَدْ صَلَقُوا فَأَتَمَّ الصَّلَاةَ كَانَ كَذَلِكَ وَاللَا فَاقِولَ أَلِي وَلَاهُ أَلِي وَاهِ أَبِو داود

## বাংলা

৩০১. (হাসান লি গাইরিহী) সাঈদ বিন মুসাইয়্যেব থেকে বর্ণিত। তিনি বলেন, জনৈক আনসারী সাহাবীর মৃত্যুর সময় উপস্থিত হলে তিনি বলেন, আমি তোমাদেরকে একটি হাদীছ শোনাবো। শুধুমাত্র ছওয়াবের আশাতেই আমি তোমাদের সামনে হাদীছটি বর্ণনা করব। আমি রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কে একথা বলতে শুনেছিঃ

"তোমাদের মধ্যে কোন ব্যক্তি যখন ওযু করে, অতঃপর ওযুকে সুন্দররূপে সম্পাদন করে। তারপর নামাযের জন্যে বের হয় যখনই সে ডান পা উঠায় তখনই তার জন্যে আল্লাহ্ একটি নেকী লিখে দেন। যখনই বাম পা রাখে তখনই আল্লাহ তার একটি গুনাহকে মোচন করে দেন। সুতরাং তোমরা মসজিদের নিকটে বা দূরে বসবাস কর। (পদক্ষেপ অনুযায়ী ছওয়াব পাওয়া যাবে) মসজিদে এসে সে জামাতের সাথে নামায আদায় করলে তাকে ক্ষমা করা হবে। মসজিদে এসে যদি দেখে যে লোকেরা কিছু নামায পড়ে নিয়েছে এবং কিছু নামায বাকী রয়েছে, তবে যা পাবে তা তাদের সাথে আদায় করবে এবং যা ছুটে গেছে তা পুরা করবে, তবে সে অনুরূপই ছোয়াব পাবে। আর যদি মসজিদে এসে দেখতে পায় যে জামাত শেষ হয়ে গেছে, তবে সে নামাযকে পূর্ণ করবে তবে সে



অনুরূপই (জামাতের সাথে নামায পড়ার) ছোয়াব পাবে।"

(হাদীছটি আবু দাউদ ৫৬৩ মুরসালভাবে বর্ণনা করেছেন)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ সাঈদ ইবনু মুসাইয়্যাব (রহ.)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন